# Times Today BD

এসকে সোহেল | দেশজুড়ে | 26 June, 2025

বাগেরহাটের মোল্লাহাটে চারটি বিদেশী পিস্তল ও গুলিসহ ১১জনকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ।বৃহস্পতিবার (২৬ জুন)সন্ধ্যায় উপজেলার ঢাকা-খুলনা মহাসড়কের মোল্লাহাট টোল প্লাজার সামনে থেকে একটি মাইক্রোবাস তল্লাশি করে এদের আটক করা হয়।

ঢাকা মেট্রো-চ-১৫-৬৭৭০ নম্বরের আটক মাইক্রোবাসটি ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার থেকে খুলনার দিকে যাচ্ছিল।গাড়িটি তল্যাসি করে ৪টি ৭.৬২ মিঃ মিঃ চায়না পিস্তল, ০৪টি ম্যাগাজিন ও ০৯ রাউন্ড গুলি পাওয়া যায়।

আটকৃতরা হলেন কাউসার আলী, মো: মেহেদী হাসান, আতাউর রহমান, মোঃ খোকন বিশ্বাস, খোকন মিয়া, আবুল হোসেন, মোঃ ইমদাদুল হক, জনি মিয়া, সেলিম শাহ, মাসুম পারভেজ ও প্রসেনজিৎ চন্দ্র দাশ।আটককৃতদের বাড়ি ঝিনাইদহ জেলার বিভিন্ন উপজেলার।আটককৃতরা বাগেরহাট জেলা গোয়েন্দা পুলিশের হেফাজতে রয়েছে।

বাগেরহাটের পুলিশ সুপার মোঃ তৌহিদুল আরিফ বলেন, “গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে অস্ত্রসহ ১১ দুস্কৃতকারীকে আটক করা হয়েছে।আটককৃতদের বিরুদ্ধে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

তিনি আরও বলেন, এসব দুস্কৃতকারীরা ঝিনাইদহ থেকে আসছিল।তাদের কাছে অস্ত্র ও গুলি ছিল।তাদের হয়ত বড় ধরণের কোন নাশকতার পরিকল্পনা ছিল বলে ধারণা করা হচ্ছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 22:11

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758073763